রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৩ সনের ৩১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ৩, ২০২৩

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪৮৯—৫০৩ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ২৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৮৮৯—৯৪০ | ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৬৫—১৭৬ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮২১—৮৪০ | (৬) .......................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**অর্থ মন্ত্রণালয়**

**শুল্ক অধিশাখা**

**আদেশ**

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ/২৫ মে ২০২৩ খ্রিঃ

**নং ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০৩১.১৬-৬১**—যেহেতু, আলী রেজা হায়দার, উপ কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা (প্রাক্তন সহকারী কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম)-কে জাতীয় রাজস্ব বোর্ডের ২৬ সেপ্টেম্বর ২০২১ তারিখের ৩৩৬ নম্বর স্মারকে উক্যওয়ান মার্মা, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টম হাউস, চট্টগ্রাম এবং ১০ অক্টোবর ২০২১ তারিখের ৩৫১ নম্বর স্মারকে রাসেল মাহমুদ জুয়েল, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টম হাউস, চট্টগ্রাম এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং উভয় ক্ষেত্রেই ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হয়;

২। যেহেতু, নির্ধারিত সময়ে তদন্ত প্রতিবেদন দাখিল না করায় জাতীয় রাজস্ব বোর্ডের ২৪ অক্টোবর ২০২২ তারিখের ২১৬ ও একই তারিখের ২১৭ নম্বর স্মারকের মাধ্যমে তাকে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য তাগিদ প্রদান করা হয় এবং প্রতিবেদন দাখিলে বিলম্বের জন্য ব্যাখ্যা প্রদান করতে নির্দেশ দেয়া হয়। তদপ্রেক্ষিতে তিনি নির্দেশনা মোতাবেক ৩০ কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিল করেননি এবং সময় বর্ধিতকরণের আবেদন ব্যতিরেকে ০১(এক) বছরের অধিক সময় পর ০২ নভেম্বর ২০২২ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা হিসেবে যথাসময়ে তদন্ত প্রতিবেদন দাখিলে তার ব্যর্থতা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-২(খ)(অ) অনুযায়ী কর্তব্যে অবহেলা প্রদর্শন এবং কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক যথাসময়ে তদন্ত প্রতিবেদন দাখিল না করা একই বিধিমালার বিধি-২(খ)(অ) অনুযায়ী উর্ধ্বতন কর্মকর্তার আইনসংগত আদেশ অমান্যকরণের সামিল; যা উক্ত বিধিমালা অনুযায়ী 'অসদাচরণ' এর পর্যায়ভুক্ত অপরাধ;

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব) উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্মুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

৪। যেহেতু, আলী রেজা হায়দার, উপ-কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করা হয়;

৫। যেহেতু, অভিযোগনামার পরিপ্রেক্ষিতে তিনি লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন এবং গত ১৬ মে ২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। তার দাখিলকৃত লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত তথ্য, রাষ্ট্রপক্ষের উপস্থাপিত তথ্য প্রমাণাদি পর্যালোচনায় দেখা যায়, তিনি বিলম্বে তদন্ত প্রতিবেদন দাখিলের যুক্তিসঙ্গত এবং বস্তুনিষ্ঠ ব্যাখ্যা দিতে সক্ষম হননি। তবে তিনি তদন্ত প্রতিবেদন দাখিলে বিলম্বের কারণে ক্ষমা প্রার্থনা করেছেন।

৬। যেহেতু, সার্বিক তথ্য পর্যালোচনায় আলী রেজা হায়দার, উপ-কমিশনার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর-বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে।

৭। সেহেতু, আলী রেজা হায়দার (পরিচিতি নম্বর-৩০০৩০২), উপ কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা (প্রাক্তন সহকারী কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম)-কে তার অপরাধের গুরুত্ব বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(২)(ক) অনুযায়ী 'তিরস্কার' দন্ড আরোপ করা হলো।

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

---

**শুল্ক-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ/২৪ মে ২০২৩ খ্রিঃ

নং **০৮.০০.০০০০.০৩৮.৬৭.০০৬.২৩.২১৮**—কানিজ ফাতেমা, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর; সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদ হতে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুল্ক, আবগারী ও ভ্যাট অনুবিভাগে 'সহকারী রাজস্ব কর্মকর্তা' হিসেবে যোগদান করায় বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খন্ড) এর বিধি-৪২ এবং বিধি-৩০০(বি) অনুযায়ী তার মোট পেনশনযোগ্য চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে পূর্বতন চাকরির (১৮ ফেব্রুয়ারি ২০১৮ হতে ৩০ নভেম্বর ২০২২) ধারাবাহিকতা সংরক্ষণ করা হলো।

**শর্তসমূহ:**

(ক) পূর্ব পদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে তার ভোগকৃত ৯৬ (ছিয়ানব্বই) দিনের অসাধারণ ছুটি পেনশনযোগ্য চাকরিকাল হিসেবে গণনা করা যাবে না;

(খ) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ/২২ মে ২০২৩ খ্রিঃ

নং **০৮.০০.০০০০.০৩৮.৬৫.০৯৪.২২.১৮৫**—মোঃ জাহাঙ্গীর আলম (পরিচিতি নম্বর-৩০০৪৫৬), সহকারী কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডার হতে বি.সি.এস. (শুল্ক ও আবগারী) ক্যাডারে যোগদান করায় বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খন্ড) এর বিধি-৪২ এবং বিধি-৩০০(বি) অনুযায়ী তার মোট পেনশনযোগ্য চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে সর্বশেষ চাকরির (১৪ ফেব্রুয়ারি ২০২১ হতে ০৩ ডিসেম্বর ২০২২) ধারাবাহিকতা সংরক্ষণ করা হলো।

**শর্তসমূহ:**

(১) পূর্ব পদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(২) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

নং **০৮.০০.০০০০.০৩৮.৬৫.০৬৯.২২.১৭৯**—তানিয়া আলম (পরিচিতি নম্বর-৩০০৪৩১), সহকারী কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডার হতে বি.সি.এস. (শুল্ক ও আবগারী) ক্যাডারে যোগদান করায় বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খন্ড) এর বিধি-৪২ এবং বিধি-৩০০(বি) অনুযায়ী তার মোট পেনশনযোগ্য চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে সর্বশেষ চাকরির (১৪ ফেব্রুয়ারি ২০২১ হতে ০৩ ডিসেম্বর ২০২২) ধারাবাহিকতা সংরক্ষণ করা হলো।

**শর্তসমূহ:**

(১) পূর্ব পদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(২) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কে. এম. আলমগীর কবীর**
উপসচিব।

---

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ ১০ জ্যৈষ্ঠ ১৪৩০/২৪ মে ২০২৩

নং **৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৪.২২-১৭৮**—যেহেতু, জনাব সমীরণ রায় (পরিচিতি নম্বর ০০৫০৯৯), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) সওজ পাবনা সড়ক সার্কেল, পাবনা "সিরাজগঞ্জ-কাজিপুর-ধুনট-শেরপুর (জেড-৫৪০১) এবং সিরাজগঞ্জ (বাগবাটি)-ধুনট (সোনামুখী) (জেড-৫৪০৫) মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ" শীর্ষক উন্নয়ন প্রকল্পের কাজে নির্বাহী প্রকৌশলী হিসেবে ডিপিপি প্রণয়নের সাথে জড়িত ছিলেন; এবং

যেহেতু, গত ১৬-০১-২০২২ তারিখে "সিরজগঞ্জ-কাজিপুর-ধুনট-শেরপুর (জেড-৫৪০১) এবং সিরাজগঞ্জ (বাগবাটি)-ধুনট (সোনামুখী) (জেড-৫৪০৫) মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ" শীর্ষক উন্নয়ন প্রকল্পের ডিপিপি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত পর্যলোচনা সভায় প্রকল্পটির ডিপিপি প্রণয়ন এবং

সার্বিক বিষয় নিয়ে আলোচনা হয়। আলোচনায় দেখা যায় প্রকল্পটির অনুমোদন পরবর্তী সময়ে ভূমি অধিগ্রহণের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে সড়ক বিভাগ সিরাজগঞ্জ অংশে সিরাজগঞ্জ-কাজিপুর-ধুনপ-শেরপুর (জেড-৫৪০১) সড়কের প্রস্তাবিত এলাইনমেন্টের '৩টি' এবং সিরাজগঞ্জ (বাগবাটি)-ধুনট (সোনামুখী) (জেড-৫৪০৫) সড়কের প্রস্তাবিত এলাইনমেন্টের ১১টি মৌজাসহ সর্বমোট ১৪টি মৌজার নাম ডিপিপিতে নেই। এছাড়া ৩টি মৌজা প্রয়োজনের অতিরিক্ত অন্তর্ভূক্ত হয়েছে। বাদপড়া মৌজার প্রয়োজনীয় ভূমি অন্তর্ভূক্ত করে এবং অতিরিক্ত অন্তর্ভূক্ত জমি বাদ দিয়ে সড়ক বিভাগ, সিরাজগঞ্জ অংশে এজন্য ২৩.০০ একর ভূমি এবং সড়ক বিভাগ, বগুড়া অংশে ৫.২৩০ একর ভূমি প্রয়োজন হবে। তাই অতিরিক্ত অন্তর্ভূক্ত মৌজা (৩টি) বাদ দিয়ে বাদপড়া মৌজা (১৪টি) অন্তর্ভূক্তির কারণে ডিপিপি সংশোধন করে ভূমি অধিগ্রহণের প্রস্তাব করা হয়েছে;

এবং

যেহেতু, তিনি তত্ত্বাবধায়ক প্রকৌশলী হিসেবে ডিপিপি প্রণয়নের সময় এর অঙ্গসমূহ সঠিকভাবে যাচাই করেননি বা যাচাইয়ের জন্য সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেননি। ফলে প্রকল্পের ডিজাইনও যথাযথভাবে প্রণীত হয়নি। মূল ডিপিপিতে প্রকল্পের অধীনে ৭৬.৭০ কিঃমিঃ অংশের মধ্যে ১০/১২ টি বড় বাজার আছে এবং ৬টি বাজার অংশে মোট ২০০০.০০ মিটার Rigid Pavement রয়েছে। ভবিষ্যতে প্রধান বাজারগুলোর পেভমেন্ট টেকসই করার নিমিত্ত এবং ক্রমবর্ধমান বাজার এলাকার দৈর্ঘ্য বৃদ্ধি পাওয়ায় প্রকল্পিটির আওতায় ১৮০০.০০ মিটার অতিরিক্ত Rigid Pavement নির্মাণ করা প্রয়োজন যার জন্য অতিরিক্ত ৫৭০.০০ লক্ষে টাকা প্রয়োজন;

এবং

যেহেতু, সড়কটি বন্যাপ্রবণ এলাকা ও যমুনা নদীর তীরবর্তী হওয়ায় ডিপিপিতে যে পরিমাণ কনক্রিট স্লোপ প্রটেকশন ধরা আছে তার চেয়ে সিরাজগঞ্জ অংশে আরো অতিরিক্ত ৮৮০০.০০ বর্গমিটার এবং বগুড়া অংশে ২৪০০০.০০ বর্গমিটার সর্বমোট ৩২৮০০.০০ বর্গমিটার কনক্রিট রক্ষাপ্রদ কাজের প্রয়োজন হবে। এছাড়া সড়ক বিভাগ, বগুড়া অংশের প্যাকেজ নং-০৯ এবং ১০ এ অতিরিক্ত আরসিসি রিটেইনিং ওয়াল ২৪০০.০০ মিটার এবং ব্রিক টো-ওয়ান ৩০০০.০০ মিটার প্রয়োজন। এছাড়া বিদ্যমান কালভার্টের চেয়ে সড়ক প্রশস্ততা বৃদ্ধি পাওয়ায় ৩টি কালভার্ট প্রশস্তকরণ প্রয়োজন। নিরাপদ ও সহজ ট্রাফিক ব্যবস্থার লক্ষ্যে আধুনিক ও দৃষ্টিনন্দন ট্রাফিক সাইন স্থাপনের জন্য নতুন একটি প্যাকেজ অন্তর্ভূক্তির প্রয়োজন হবে;

এবং

যেহেতু, এ প্রেক্ষিতে গত ২৫-০৮-২০২২ তারিখে তার নিকট ব্যাখ্যা চাওয়া হয়। তিনি লিখিত জবাবে এতদবিষয়ে চাহিত ব্যাখ্যায় নিজের ভুল স্বীকার করে দুঃখ প্রকাশ করেন। কিন্তু তার ব্যাখ্যা সন্তোষজনক নয় মর্মে তত্ত্বধায়ক প্রকৌশলী হিসেবে দায়িত্ব পালনে এহেন গাফলতি ও অবহেলার কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদচরণের দায়ে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ০৫/২০২২ রুজু করা হয়;

এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক চাকরি থেকে বরখাস্ত করা হবে না বা উপযুক্ত অন্য কোনো শাস্তি দেয়া হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কিছু জ্ঞাত করাতে চান কি-না, কিংবা তার বক্তব্যের সমর্থনে কোনো সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, তিনি গত ২৬-০৯-২০২২ তারিখে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর ইচ্ছা পোষণ করেন। সে প্রেক্ষিতে গত ৩১-১০-২০২২ তারিখে তার ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়। লিখিত জবাব ও শুনানীকালে প্রদত্ত বক্তব্য বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্তের প্রয়োজন অনুভূত হওয়ায় এ বিভাগের যুগ্মসচিব, জনাব মোস্তাইন বিল্লাহ-কে গত ৩১-১০-২০২২ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে জনাব সমীরণ রায় (পরিচিতি নম্বর ০০৫০৯৯) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ) সওজ, পাবনা সড়ক সার্কেল, পাবনা এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখপূর্বক গত ০৮-০২-২০২৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করে;

এবং

যেহেতু,তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তদন্ত প্রতিবেদনের কপিসহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিতে বর্ণিত 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩) বিধিতে উল্লিখিত যে কোনো গুরুদন্ড আরোপ করা হবে না সে সম্পর্কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ ৭(৯) বিধি মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিত জবাব দেয়ার জন্য তাকে দ্বিতীয় করণ দর্শানোর নোটিশ দেয়া হয়। তিনি গত ১৬-০২-২০২৩ তারিখে দ্বিতীয় কারণ দর্শনোর নোটিশের জবাব প্রেরণ করেছেন;

এবং

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত প্রতিবেদন ও দ্বিতীয় কারণ দর্শানোর জবাব পর্যালোচনা করে দেখা যায় কিছু বিষয় তদন্ত প্রতিবেদনে পর্যালোচনা করা হয়নি। প্রকল্প প্রণয়নের কাজ ২০১৭ সালে হলেও ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয় ২৯-০৭-২০১৯ সালে। এ সময় তিনি তত্ত্বাবধায়ক প্রকৌশলী হিসেবে দায়িত্বে ছিলেন না। পিইসি সভায় ০২ মাস পর তিনি পাবনা সড়ক সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর অতিরিক্ত দায়িত্ব পালনের সময় পুনর্গঠিত ডিপিপি তার বরাবর উপস্থাপন করা হলে তিনি স্বাক্ষর করেছেন। এ সময় যথাযথভাবে ডিপিপি প্রণয়ন করা হয়েছে কিনা তা দেখার কোনো সুযোগ ছিলনা। এ সময় ভূমি অধিগ্রহণের তফসিল ভুল করার বিষয়ে তার সংশ্লিষ্টতা পাওয়া যায় না। তিনি ডিপিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী Rigid Pavement এর পরিমাণ সংশোধন করেছেন। এতে তার সংশ্লিষ্টতা নাই। তাছাড়া তিনি নিয়মিত অফিসের বিকল্প কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেছেন। মূল সিদ্ধান্ত প্রণয়ণের সঙ্গে তিনি জড়িত ছিলেন না।

সেহেতু, এক্ষণে জনাব সমীরণ রায় (পরিচিতি নম্বর ০০৫০৯৯), তত্ত্বধায়ক প্রকৌশলী (চঃদাঃ) সওজ, পাবনা সড়ক সার্কেল, পাবনা এর বিরুদ্ধে আনীত ত্রুটিপূর্ণ ডিপিপি প্রণয়নের অভিযোগ, তদন্ত প্রতিবেদন ও দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব পর্যালোচনায় "সিরাজগঞ্জ-কাজিপুর-ধুনট-শেরপুর (জেড-৫৪০১) এবং সিরাজগঞ্জ (বাগবাটি)-ধুনট (সোনামুখী) (জেড-৫৪০৫) মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ" শীর্ষক উন্নয়ন প্রকল্পের তার অভিযোগ প্রমাণিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার (নম্বর ০৫/২০২২) দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ বি এম আমিন উল্লাহ নুরী**
সচিব।

## শৃঙ্খলা বিষয়ক শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ/২৫ মে ২০২৩ খ্রিঃ

**নং ৩৭.০০.০০০০.০৯৫.২৭.২৬.২০২২-২৩৪**—যেহেতু, জনাব মো: মাহতাফ হোসেন, সহকারী শিক্ষক, বরগুনা জিলা স্কুল, বরগুনা গত ১৩-০৮-২০১৬ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁকে কারণ দর্শনো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, উক্ত কারণ দর্শানো নোটিশ তার বর্তমান কর্মস্থলের ঠিকানায় প্রেরণ করা হয়। তিনি কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং নোটিশটি ফেরত আসেনি। গত ১২-০৮-২০২১ তারিখে তাঁর অনুপস্থিতিকাল ০৫ (পাঁচ) বছর পূর্ণ হয়েছে;

যেহেতু, বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ এ উল্লেখ আছে যে, একজন সরকারি কর্মকর্তা ছুটি অথবা ছুটি ব্যতীত একনাগাড়ে ০৫ (পাঁচ) বছরের অধিককাল কর্মস্থলে অনুপস্থিত থাকলে তার চাকরির অবসান (Ceases to be in Governmemt employ) হবে;

যেহেতু, জনাব মো: মাহতাফ হোসেন-কে চাকরি হতে অবসান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত প্রকাশ করেছে এবং মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব মো: মাহতাফ হোসেন, সহকারী শিক্ষক, বরগুনা জিলা স্কুল, বরগুনা-কে বি.এস.আর.পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী ১৩-০৮-২০১৬ তারিখ হতে সরকারি চাকরি থেকে অবসান (Ceases to be in Governmemt employ) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৩৭.০০.০০০০.০৯৫.২৭.১৮.২০২২-২৩৩**—যেহেতু, জনাব ফারজানা মুতাইদ (২৬০৬২), প্রভাষক (ব্যবস্থাপনা), নবীনগর সরকারি কলেজ, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া গত ০১-০৮-২০১৬ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁকে কারণ দর্শনো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, উক্ত কারণ দর্শানো নোটিশ তার বর্তমান কর্মস্থলের ঠিকানায় প্রেরণ করা হয়। তিনি কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং নোটিশটি ফেরত আসেনি। তাছাড়া যথাসময়ে তিনি কর্মস্থলে যোগদান না করায় সংশ্লিষ্ট অধ্যক্ষ তাঁকে কারণ দর্শানো পত্র জারি করে স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করা হলে তিনি বর্তমানে USA অবস্থান করেছেন বিধায় ডাকটি ফেরত আসে। গত ৩১-০৭-২০২১ তারিখে তাঁর অনুপস্থিতিকাল ০৫ (পাঁচ) বছর পূর্ণ হয়েছে;

যেহেতু, বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ এ উল্লেখ আছে যে, একজন সরকারি কর্মকর্তা ছুটি অথবা ছুটি ব্যতীত একনাগাড়ে ০৫ (পাঁচ) বছরের অধিককাল কর্মস্থলে অনুপস্থিত থাকলে তার চাকরির অবসান (Ceases to be in Governmemt employ) হবে;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী জনাব ফারজানা মুতাইদ-কে চাকরি হতে অবসান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত প্রকাশ করেছে এবং মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব ফারজানা মুতাইদ (২৬০৬২), প্রভাষক (ব্যবস্থাপনা), নবীনগর সরকারি কলেজ, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া-কে বি.এস.আর.পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী ০১-০৮-২০১৬ তারিখ হতে সরকারি চাকরি থেকে অবসান (Ceases to be in Governmemt employ) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সোলেমান খান**
সচিব।

## বেসরকারি বিশ্ববিদ্যালয়-১

### প্রজ্ঞাপন

তারিখ: ১১ জ্যৈষ্ঠ, ১৪৩০/২৫ মে,২০২৩

নং **শিম/শা:১৭/৪বিমক-১/২০১১/১৮২**—বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আইন, ১৯৭৩ (রাষ্ট্রপতির আদেশ নং-১০/৭৩)-এর ৪(১)(এ) ও ৪(৩) ধারা অনুযায়ী সরকার ড. কাজী শহীদুল্লাহ, চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন-কে দ্বিতীয় মেয়াদে নিম্নোক্ত শর্তে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান পদে নিয়োগ প্রদান করেছেন;

(ক) চেয়ারম্যান হিসেবে তাঁর মেয়াদ হবে ০৪(চার) বছর;

(খ) তিনি বর্তমানে যে বেতন-ভাতা ও আনুষঙ্গিক সুবিধাদি পাচ্ছেন, দ্বিতীয় মেয়াদে একই বেতন-ভাতা ও আনুষঙ্গিক সুবিধাদি প্রাপ্য হবেন;

(গ) এ নিয়োগ আদেশ তাঁর যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**ড. মো: ফরহাদ হোসেন**
উপসচিব।

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১১ জ্যৈষ্ঠ, ১৪৩০/২৫ মে,২০২৩

**নং ৩৭.০০.০০০০.০৭৮.০৮.০১২.২০০৪-১৭৬**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩১ (১) অনুযায়ী অধ্যাপক ড. রাকিব আহসান, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা-কে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ঢাকা এর ভাইস-চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

ক) ভাইস-চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪(চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৩৭.০০.০০০০.০৭৮.০৮.০০৩.২০১৮ (অংশ-১)-১৭৭**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩১ (১) অনুযায়ী অধ্যাপক ড. এম. জুবায়দুর রহমান, প্রাক্তন উপাচার্য, জেড.এন.আর.এফ. ইউনিভার্সিটি অব ম্যানেজমেন্ট সায়েন্সেস, গুলশান এভিনিউ, গুলশান-২, ঢাকা-কে উক্ত ইউনিভার্সিটি এর ভাইস-চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

**ক)** ভাইস-চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪(চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ ফরহাদ হোসেন**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ, ১৪৩০/২২ মে, ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.২২৪.৭৭(১)-২০৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে কাজী ফয়সাল ইসলাম, জন্ম তারিখ : ১৫-০৬-১৯৯৭ খ্রিঃ, পিতা-কাজী মোঃ ফখরুল ইসলাম মাতা-মোছাঃ পারুল বেগম, গ্রাম-শম্ভুপুরা, ডাকঘর-শম্ভুপুরা, উপজেলা-আড়াইহাজার, জেলা-নারায়ণগঞ্জ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলার **১১** নং খাগকান্দা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখঃ ৯ জ্যেষ্ঠ ১৪৩০/২৩ মে ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৫৪.১১-২০৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মুহাম্মদ মাইন উদ্দীন, জন্ম তারিখঃ ০৫-০১-১৯৮৬ খ্রিঃ, পিতাঃ মোহাম্মদ শহিদুল্লাহ, মাতাঃ রোজিনা হোল্ডিং নং-সি-৭০, জালকুড়ি তালতলা, ওয়ার্ড নং-০৯, ডাকঘরঃ জালকুড়ি, থানাঃ সিদ্দিরগঞ্জ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ৯ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
**সিনিয়র সহকারী** সচিব।

---

**বিচার শাখা-৬**

**আদেশাবলি**

তারিখঃ ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩০/২৯ মে, ২০২৩

নং **আর-৬/৭এন-৩৩/২০২৩-২৭৭**—The Notaries Ordinance, 1961-(১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মুহাঃ আব্দুর রশীদ, পিতা-মৃত মোহাঃ নফর আলী-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইলঃ–

ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

খ) The Notaries Rules, 1964- এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-২৭/২০২৩-২৮১**—The Notaries Ordinance , 1961-(১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে সিলেট জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোছাঃ আছমা বেগম, পিতা-মোহাম্মদ আনোয়ারুল ইসলাম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইলঃ–

ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

খ) The Notaries Rules, 1964- এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-৩৪/২০২৩-২৭৮**—The Notaries Ordinance, 1961-(১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোঃ সাইফুল ইসলাম, পিতা-মৃত মোঃ আব্দুল মজিদ-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল:-

ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত: তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

খ) The Notaries Rules, 1964- এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-৩৫/২০২৩-২৭৯**—The Notaries Ordinance, 1961-(১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মুহাম্মদ মনিরুজ্জামান, পিতা-মৃত শাহ মুহাম্মদ সমছ উদ্দীন সরকার-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল:-

ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত: তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

খ) The Notaries Rules, 1964- এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-৩৩/২০২৩-২৮০**—The Notaries Ordinance, 1961-(১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে মাদারীপুর জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোহাম্মদ ইব্রাহীম মিয়া, পিতা-আব্দুল কাদের মিয়া-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল:–

ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত: তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
**উপসচিব**( রেজিস্ট্রেশন)।

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ, ১৪৩০/২৩ মে, ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.১০৪.১৮-২০৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ হাফিজুর রহমান, জন্ম তারিখ: ০৩-০৩-১৯৯৩খ্রিঃ পিতা মোঃ শাহজাহান খান, মাতা-হানিফা বেগম ৫৩, খাজে দেওয়ান ১ম লেন, চকবাজার, ঢাকা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ২৮ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
**সিনিয়র সহকারী** সচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**

**মৎস্য-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ, ১৪৩০/২৮ মে, ২০২৩

নং ৩৩.০০.০০০০.১২৬.২৭.০০৫.২৩-৩০৫—যেহেতু, জনাব মো: সিরাজুস সালেহীন (পরিচিতি নম্বর-০০৬৬১), সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলপুর, ময়মনসিংহ সি. আর (কোতোয়ালি) মামলা নং-৩২২/২০২৩ এ গ্রেফতার হয়ে ২৭-০৪-২০২৩ খ্রি: তারিখ হতে কারাগারে আটক রয়েছেন;

সেহেতু, জনাব মো: সিরাজুস সালেহীন (পরিচিতি নম্বর-০০৬৬১)-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৩৯(২) অনুযায়ী ২৭-০৪-২০২৩ খ্রি: তারিখ হতে সরকারি চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. নাহিদ রশীদ**
সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয় জননিরাপত্তা বিভাগ**

**রাজনৈতিক-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০/২১ মে, ২০২৩

নং **৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-২৩৫**—আগামী **২৫** মে ২০২৩ তারিখে গাজীপুর সিটি কর্পোরেশন, ১২ জুন ২০২৩ তারিখে খুলনা ও বরিশাল সিটি কর্পোরেশন এবং ২১ জুন ২০২৩ তারিখে রাজশাহী ও সিলেট সিটি কর্পোরেশন নির্বাচনে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে এ বিভাগের রাজনৈতিক-৬ শাখার স্মারক নং ৪৪.০০.০০০০.০৭৯.০১.০০১.২০২৩-১৭৭, তারিখ: ১৭-০৫-২০২২ খ্রিঃ মূলে জারিকৃত পরিপত্রের অনুচ্ছেদ নং-১৮ এর নির্দেশনা মোতাবেক বৈধ অস্ত্র প্রদর্শন নিষিদ্ধকরণ সংক্রান্ত The Arms Act, 1878(Act XI of 1878)-এর ধারা ১৭ (ক) (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নোক্ত আদেশ জারি করল:

> *"ভোটের পূর্বে ০২(দুই) দিন, ভোটের দিন এবং ভোটের পরে ০২(দুই) দিন মোট ০৫(পাঁচ) দিন ভোর ৬.০০টা হতে রাত ১২.০০টা পর্যন্ত আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণ কর্তৃক আগ্নেয়াস্ত্র প্রদর্শন ও আগ্নেয়াস্ত্রসহ চলাচল করার উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।"*

এ আদেশ লঙ্ঘনকারীদের বিরুদ্ধে The Arms Act, 1878-এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ইসরাত জাহান**
উপসচিব।

---

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪৩০/২৩ মে ২০২৩

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.২০.৬৮২**—পিরোজপুর জেলায় ভান্ডারিয়া থানার মামলা নং-২৮, তারিখ: ২৫-০৬-২০২২ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী,২০১৩)}-এর ৬(১) এর (ক)/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায় তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২২.২১-৬৮১**—লক্ষীপুর জেলার সদর থানার মামলা নং-৩০, তারিখ: ১৯-০৬-২০২২-এ ঘটনাস্থল হতে জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সং/২০১৩)-এর ৮/৯(৩) ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায় তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আশাফুর রহমান**
উপসচিব।

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ জ্যৈষ্ঠ, ১৪২৯/২৫ মে, ২০২৩

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০০২.২১-১৯৪**—যেহেতু, জনাব নির্মলেন্দু চক্রবর্তী (বিপি-৬৬৯০১২২২৫৩), সহকারী পুলিশ সুপার, মাধবপুর সার্কেল, হবিগঞ্জ জেলা ও ইতঃপূর্বে সহকারী পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট হিসেবে কর্মকালে গত ১১-১০-২০২০ খ্রিঃ তারিখ জনৈক রায়হান আহমেদ কে বন্দরবাজার পুলিশ ফাড়ির এসআই (নিঃ) আকবর হোসেন ভূঁইয়াসহ অন্যান্য পুলিশ সদস্য কর্তৃক শারীরিকভাবে নির্যাতনের ফলে তিনি মৃত্যুবরণ করেন। আপনার যথাযথ তদারকির অভাবে ভুল ধারায় সিলেট কোতোয়ালী মডেল থানায় ১২-১০-২০২০ তারিখ মামলা নং-২০ দঃ বিঃ ৩০২/৩৪ ধারায় এবং হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন, ২০১৩ এর ১৫(১)/১৫(২)/১৫(৩) ধারায় মামলা রুজু হয়। আপনি অনুসন্ধান কমিটির সদস্য হিসেবে অনুসন্ধানকালে পুলিশ সদস্য দ্বারা শারীরিক নির্যাতনের কারণে রায়হান আহমেদ এর মৃত্যু ঘটে যা ফৌজদারী অপরাধ হওয়া সত্ত্বেও তিনি এসআই (নিঃ) আকবর হোসেন ভূঁইয়াকে গ্রেফতারে আইনানুগ উদ্যোগ গ্রহণ না করে শুধু বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করে প্রতিবেদন দাখিল করাসহ উপরোক্ত অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে ১০-০৩-২০২১ তারিখ ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০০২.২১-৭২ নম্বর স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। তৎপ্রেক্ষিতে ১১-০৪-২০২১ তারিখে কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং ১৫-১২-২০২১ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তার দাখিলকৃত কারণ দর্শানোর জবাব, ব্যক্তিগত শুনানিতে পক্ষগণের প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি বিবেচনা করে আনীত অভিযোগ প্রমাণিত হলে গুরুদন্ড আরোপের সম্ভাবনা থাকায় অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য জনাব মোঃ জিয়াউর রহমান (বিপি-৮৪১২১৪৭৬৮৬), অতিরিক্ত পুলিশ সুপার, মৌলভীবাজার-কে ০৭-০৪-২০২২ উক্ত বিভাগীয় মামলার তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক গত ২৭-১১-২০২২ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব নির্মলেন্দু চক্রবর্তী (বিপি-৬৬৯০১২২২৫৩), সহকারী পুলিশ সুপার, মাধবপুর সার্কেল, হবিগঞ্জ জেলা এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত ও সাক্ষ্য প্রমাণে প্রমাণিত হয়েছে; এবং

সেহেতু, জনাব নির্মলেন্দু চক্রবর্তী (বিপি-৬৬৯০১২২২৫৩), সহকারি পুলিশ সুপার, মাধবপুর সার্কেল, হবিগঞ্জ জেলা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(ক) বিধি মোতাবেক "অদক্ষতা" এর প্রমাণিত অভিযোগে একই বিধিমালার বিধি ৪ এর উপ-বিধি ২(ক) মোতাবেক "তিরস্কার" লঘুদন্ড প্রদান করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান**, বিপিএএ
সিনিয়র সচিব।

**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ জ্যৈষ্ঠ, ১৪২৯/২৫ মে, ২০২৩

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২৭.০১৯.২২-১১৫**—জনাব মোহাম্মদ নজরুল হোসেন (বিপি-৭০৯৮০১০০৪৪), উপ-পুলিশ কমিশনার, বরিশাল মেট্রোপলিটন পুলিশ, বরিশাল ইতোপূর্বে অধিনায়ক (এসপি), ২ এপিবিএন, মুক্তাগাছা, ময়মনসিংহ হিসেবে কর্মরত থাকাকালে ২ এপিবিএন হতে নোয়াখালী জেলার ভাসানচর রোহিঙ্গা ক্যাম্পে ফোর্স মোতায়েন সংক্রান্ত তার অধীনস্ত পুলিশ পরিদর্শক (সশস্ত্র) মোঃ মুসলেম উদ্দিন (বিপি-৬৬৮৫০৮৮১৬৯) সাবেক ২ এপিবিএন, মুক্তাগাছা, ময়মনসিংহ (বর্তমানে ৬ এপিবিএন, খাগড়াছড়ি) অ্যাডজুটেন্টের দায়িত্বে থেকে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে মনগড়াভাবে ভাসানচরে ডিউটির জন্য তালিকার নাম পরিবর্তন করার নামে উৎকোচ গ্রহণ করার বিরুদ্ধে কোনো আইনানুগ ব্যবস্থা গ্রহণ না করা, অভিযুক্তদের অন্যত্র বদলি করা হলেও তাদের সহযোগী এএসপি মোঃ মামুন রানা (বিপি-৬৩৮৮০৩৭৯৪০) ও পুলিশ পরিদর্শক (সশস্ত্র) মোঃ আব্দুল হক খান (বিপি-৬৪৮৩১০৭১৬২) দ্বয়কে স্বপদে বহাল রাখা, আর্থিক লেনদেন/অনিয়মের বিষয়ে গত ১৮-০২-২০২১ তারিখের মাসিক কল্যাণ সভার কার্যবিবরণীতে তা উল্লেখ না করা এবং ২ এপিবিএন এর বিভিন্ন শাখার আর্থিক লেনদেন/অনিয়মের সাথে জড়িত অভিযুক্তদের বিষয়ে যথাযথভাবে তদারকি না করা এবং তাদের বিরুদ্ধে কোনো আইনানুগ ব্যবস্থা গ্রহণ না করার অভিযোগে গত ২১-১১-২০২১ তারিখ তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক তাকে কারণ দর্শানো হয়। তিনি কারণ দর্শানোর জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানির অনুরোধের পরিপ্রেক্ষিতে গত ২৪-০২-২০২২ তারিখ তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়।

০২। শুনানিকালে আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার জবাব, উভয় পক্ষের বক্তব্য এবং অন্যান্য প্রাসঙ্গিক গুরুত্বপূর্ণ দালিলিক তথ্য-প্রমাণাদির আলোকে তার বিরুদ্ধে অভিযোগসমূহ প্রমাণিত হলে গুরুদন্ড আরোপের প্রয়োজনীয়তা থাকায় গত ২০-১০-২০২২ তারিখ সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি মোতাবেক জনাব মোঃ এনামুল হক (বিপি-৭০০১০২০৮৯১), অ্যাডিশনাল ডিআইজি, বাংলাদেশ পুলিশ একাডেমি, সারদা, রাজশাহী-এর পরিবর্তে জনাব মোঃ নজরুল ইসলাম, বিপিএম, পিপিএম (বিপি-৭২০১০৩১২৭০), অ্যাডিশনাল ডিআইজি, এপিবিএন সদর দপ্তর, ঢাকা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

০৩। তদন্তকারী কর্মকর্তা জনাব মোঃ নজরুল ইসলাম, বিপিএম, পিপিএম (বিপি-৭২০১০৩১২৭০), অ্যাডিশনাল ডিআইজি, এপিবিএন সদর দপ্তর, ঢাকা কর্তৃক সকল বিধি-বিধান প্রতিপালনপূর্বক সরেজমিনে তদন্ত শেষে গত ২৬-০৪-২০২৩ তারিখ ২২৮ নম্বর স্মারকমূলে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ'-এর অভিযোগসমূহ তদন্তকালে গৃহীত সাক্ষ্য প্রমাণে প্রমাণিত হয়নি মর্মে উল্লেখ করা হয়।

০৪। জনাব মোহাম্মদ নজরুল হোসেন (বিপি-৭০৯৮০১০০৪৪), উপ-পুলিশ কমিশনার, বরিশাল মেট্রোপলিটন পুলিশ, বরিশাল ও সাবেক অধিনায়ক (এসপি), ২ এপিবিএন, মুক্তাগাছা, ময়মনসিংহ-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন ও প্রাসঙ্গিক দলিলপত্রাদি বিবেচনায় তাকে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

০৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান**, বিপিএএ
সিনিয়র সচিব।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন অনুবিভাগ-১**
**প্রশাসন শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ জ্যৈষ্ঠ, ১৪৩০/২৮ মে, ২০২৩

নং **২৫.০০.০০০০.০১৯.৯৯.০০১.১৮(অংশ-২)-৩৫৩**—The Building Constraction Act, 1952 এর ৩(২) ধারায় বর্ণিত ক্ষমতা অনুযায়ী উক্ত এ্যাক্টের ৩(১) ও ধারা-৯ মোতাবেক এবং ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন অপসারণ ও সংরক্ষণ) বিধিমালা-২০০৮ এর বিধি-৩০ ও ৩১ অনুসরণে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের অথরাইজড অফিসারের ক্ষমতা প্রয়োগের জন্য কর্তৃপক্ষের আওতাভুক্ত ০৮(আট)টি জোনে ২৪টি এবং প্রধান কার্যালয়ের ০২টি সহ মোট ২৬টি কমিটি নিম্নরূপে পুনর্গঠন করা হলো:

